24

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 NOV 1994
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৪

# শিক্ষকবিহীন একটি প্রাথমিক বিদ্যালয়

বগুড়া অফিস ।। বগুড়া জেলায় সারিয়াকান্দি থানার একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গত ৭ মাস শিক্ষক-শিক্ষিকা না থাকায় স্কুলের ৩ শত ছাত্র-ছাত্রীর পড়াশুনা বন্ধ হইয়া গিয়াছে।

জানা যায়, সারিয়াকান্দি থানার কর্নিবাড়ী ইউনিয়নের চিলাকাউরা গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩ জন শিক্ষক শিক্ষিকার মধ্যে প্রধান শিক্ষক মামদুর রহমান ট্রেনিংয়ে আছেন, সহকারী শিক্ষক ও হায়েদ আলী দুইমাস পূর্বে পদোন্নতি লইয়া অন্যত্র বদলী হইয়াছেন এবং মেলোয়ারা খাতুন নাম্নী অপর একজন শিক্ষিকা পক্ষাঘাতে আক্রান্ত হওয়ার কারণে বর্তমানে ছুটিতে আছেন। সংশ্লিষ্ট বিভাগ হইতে ঘটনার সত্যতা স্বীকার করা হইয়াছে। বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য একাধিকবার লিখিত আবেদন করিয়াও কোন ফল হয় নাই বলিয়া জানা গিয়াছে। ছাত্রছাত্রীদের ভবিষ্যত অনিশ্চিত।